

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৭(আগরতলা, ৪।৬)

ধর্মনগর, ৪ জুন, ২০১৯

১১ জুন ধর্মনগরে হজ যাত্রীদের সংবর্ধনা

আগামী ১১ জুন ধর্মনগর বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে সকাল ১১ টায় উত্তর জেলার ৮ জন মহিলা এবং ২৪ জন পুরুষ সহ মোট ৩২ জন হজ যাত্রীকে সম্বর্ধনা দেওয়া হবে। ধর্মনগর মহকুমা প্রশাসনের উদ্যোগে এই সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হবে। ধর্মনগর মহকুমা শাসকের অফিস কক্ষে গতকাল আয়োজিত এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্মনগর বিভাগীয় ওয়াকফ কমিটির চেয়ারম্যান মহঃ সাহাবউদ্দিন।

সভায় ওয়াকফ রাজ্য কমিটির সদস্য মহঃ আব্দুল মাজিদ, ধর্মনগর মহকুমা শাসক সুব্রত দাশ, মহকুমা ওয়াকফ কমিটি, পানিসাগর মহকুমা কমিটি, ওয়াকফ রাজ্য কমিটির কর্মকর্তাগণ সহ বিশিষ্ট সমাজসেবীগণ উপস্থিত ছিলেন।
